

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫৫৯.২০১৭- ৭৮

তারিখঃ ২৮ পৌষ ১৪২৪  
১১ জানুয়ারি ২০১৮


বিষয় : রীট পিটিশন নং-১৮১৫৩/২০১৭, [ পিটিশনার জনাব মোঃ গোলাম কিবরিয়া, পিতা-মৃত- গোলাম কাদের, গ্রাম-পূর্ব গৌরিপাড়া  
ধানা- ফুলবাড়ী, জেলা-দিনাজপুর ও অন্যান্য ৩২ জন - বনাম - সরকার ও অন্যান্য ] এর সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ২০.১২.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ১৪.১২.২০১৭ তারিখের  
আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন ইউনিয়ন পরিষদে কর্মরত ইউপি সচিবগণকে সরকারী  
কর্মচারীদের ন্যায় রাজস্বভাতভুক্ত করার দাবীতে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৩ জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের  
করা হয়েছে। রীটের অপরাধের প্রতিপক্ষ হলেন-(১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং (২) সচিব, অর্থ মন্ত্রণালয়। হাইকোর্ট  
বিভাগ অনানী অন্তেঃ ইউপি সচিবদের রাজস্বভাতভুক্ত করার আদেশ কেন প্রদান করা হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ  
দর্শানোর আদেশসহ রুলনিশি ইস্যু করেছেন।

২। এমতাবস্থায়, ১নং প্রতিপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা এতদসঙ্গে প্রেরণপূর্বক জবাব দাখিল ও বর্ধিত সময় মঞ্জুরসহ মামলা  
প্রতিদ্বন্দ্বিতার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে ১(এক) ফর্দ।

  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব (আইন-১)

ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: [dslaw1.lgd.gov@gmail.com](mailto:dslaw1.lgd.gov@gmail.com)

বিজ্ঞ সলিসিটর

সলিসিটর উইং

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
২. যুগ্মসচিব (ইউনিয়ন পরিষদ), স্থানীয় সরকার বিভাগ।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/মাস্টার কপি।